স্মারক নং-২৭.১২.৪৪১৯.৫৪৮.০১.০৩৮.২৩. 2268 তারিখঃ ১৭/০৫/২০২৩ খ্রিঃ।

**বিষয়ঃ** **কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম ক্রয়ের নিমিত্তে রিকুয়েষ্ট ফর কোটেশন (RFQ) আহবান প্রসঙ্গে।**

প্রতি,

------------------------------

------------------------------

------------------------------

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় নিম্নবর্ণিত বর্ণনা, স্পেসিফিকেশন ও শর্ত অনুযায়ী কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম সরবরাহের জন্য প্রকৃত ব্যবসায়ী/উৎপাদনকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| দরপত্র নং | ক্রঃ নং | মালমালের বিবরণ ও স্পেসিফিকেশন | পরিমাণ (বক্স) | উদ্ধৃত দর | |
|---|---|---|---|---|---|
| | | | | একক দর (টাকা) | মোট দর (টাকা) |
| ৩৮/২০২২-২০২৩ | ০১ | **কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরমঃ**<br>বিল ফরম সমূহ চলমান কাগজে (Continuous Paper) তৈরী করতে হবে। চলমান বিল পৃষ্ঠার বামের ও ডানের ট্রাক্টারের ছিদ্র সমূহ একটি ষ্ট্যান্ডার্ড ফরমেটে তৈরী হবে এবং উক্ত ছিদ্র সমূহ ষ্টার পাঞ্চ (Star Punch) দ্বারা তৈরী করতে হবে; যা ছিদ্র সমূহে কোন ডাষ্ট (কাগজের উচ্ছিষ্ট অংশ) না থাকে। প্রতিটি বিল ফরম অফিস কপি ও গ্রাহক কপির সমন্বয়ে প্রস্তুতকৃত হতে হবে। ব্যবহৃত কাগজের মান ও সাইজ ৭০ GSM উন্নতমানের অফসেট (সাদা) ও সাইজ ৮.৫"×১১" (Letter, Size ৮.৫"×১১") হবে।<br>প্রথম পৃষ্ঠায় (অফিস কপি ও গ্রাহক কপির নীচে) বিজ্ঞপ্তি সমূহ সকলের দৃষ্টি আকর্ষনের জন্য লাল কালি দ্বারা প্রিন্টিং করতে হবে (মার্কার দ্বারা চিহ্নিত)। মুদ্রনের অক্ষর সমূহ স্পষ্ট (Sharp) হতে হবে। বিল ফরমের নিরাপত্তা ও বিতরণ হিসাব সুষ্ঠভাবে পরিচালনার জন্য ফরমের প্রথম পৃষ্ঠার উপরে বাম দিকে ক্রমিক নং- (Serial No) থাকবে। অপর পৃষ্ঠায় ফরমের পাদদেশে সরবরাহকারী/মুদ্রন প্রতিষ্ঠানের নাম, কার্যাদেশ নং ও কার্যাদেশের তারিখ মুদ্রিত থাকবে।<br>প্রতিটি প্যাকেটে ২,০০০টি শীট থাকতে হবে। প্যাকিং ব্যতিত মুদ্রিত ও ছিদ্রযুক্ত ২০০০টি শীটের নূন্যতম ওজন ৭০ GSM এর ক্ষেত্রে ৯.৩৩ কেজি হবে।<br>কর্তৃপক্ষের অনুমোদিত নমুনা ফরমেট অনুযায়ী উন্নতমানের অফসেট কালি দ্বারা হুবহু প্রিন্ট ও সরবরাহ করতে হবে।<br>বিল ফরমের উপরের(গ্রাহক কপিতে) অংশের বাম দিকে ''শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ'' এবং ডান দিকে ''যৌতুক দিবেন না, নিবেন না'' কথাটি লাল কালিতে বোল্ড ফন্টে ছাপাতে হবে (নমুনা মোতাবেক)। | ২,৪০,০০০ (দুই লক্ষ চল্লিশ হাজার) শীট (১২০ বক্স) | | |
| | | | সর্বমোট= | | |

কথায়ঃ ……………………………………………………………………………….

০১) দরপত্রসমূহ আগামী **২৪/০৫/২০২৩খ্রিঃ** তারিখ (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) সকাল ১১:০০ ঘটিকা পর্যন্ত (ক) পরিচালক, পবিস মঃ ও ব্য: প: (পঃ অঃ) পরিদপ্তর,বাপবিবোর্ড,ঢাকা ও (খ) জেনারেল ম্যানেজার, ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি, রাউতাইল, ঝিনাইদহ-এ রক্ষিত টেন্ডারবক্সে দাখিল করতে হবে। দরপত্রসমূহ একই দিন অর্থাৎ **২৪/০৫/২০২৩খ্রিঃ** তারিখ সকাল ১১:০৫ ঘটিকার সময় উল্লেখিত স্থানসমূহে উপস্থিত দরদাতাগণের সন্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০২) দরপত্রের বিপরীতে দরদাতা প্রতিষ্ঠানকে নিজস্ব লেটার হেড প্যাডে মুখবন্ধ খামে দর দাখিল করতে হবে। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনাক্তকরন নম্বর (TIN), সর্বশেষ আয়কর পরিশোধের প্রত্যয়ন পত্র, ব্যাংক সলভেন্সি সনদ ও ভ্যাট নিবন্ধন সনদ এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

০৩) খামের উপর **"কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম সরবরাহের দরপত্র"** কথাটি স্পষ্টভাবে লিপিবদ্ধ করে দরপত্র দাখিল করতে হবে।

০৪) মালামাল অবশ্যই নির্ধারিত নমুনা অনুযায়ী সরবরাহ করতে হবে। মালামালের সঠিক নমুনা/বিবরণ সমিতি কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে দেখা যেতে পারে।

০৫) কার্যাদেশ প্রাপ্তির নির্ধারিত সময়ের মধ্যে নিজ খরচে মালামাল ঝিনাইদহ পবিস এর সদর দপ্তরে ডেলিভারী দিতে হবে।

০৬) দুই বা ততোধিক প্রতিষ্ঠানের দাখিলকৃত দর সমদর হলে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা (২০০৮) এর ৯৮ অনুচ্ছেদের ৩১ ও ৩২ ধারা অনুযায়ী কার্যাদেশ প্রদান করা হবে।

০৭) দরপত্রের উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে এবং একক দর ও মোট উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রেই একক দর গ্রহণযোগ্য দর হিসাবে বিবেচনা করা হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ওভার রাইটিং/ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না। দরপত্র সঠিকভাবে পূরন করত: প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিকে দরপত্রে স্বাক্ষর করতে হবে।

০৮) কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের মালামালের সরবরাহের পর মালামাল সমিতির প্রতিনিধি কর্তৃক পরিদর্শন সাপেক্ষে বিল পরিশোধ করা হবে।

০৯) মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে সরকারী সর্বশেষ নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন সাপেক্ষে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

১০) যথাসময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে বিলম্ব মাশুল কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% এর অধিক হবে না।

১১) দরপত্র সম্পর্কে কারোও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন আগে উপরোক্ত ঠিকানায় লিখিতভাবে জানাতে হবে।

১২) ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি কোন কারণ দর্শানো ব্যতীরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১৩) দরপত্র বিজ্ঞপ্তির শর্তাবলীতে উল্লেখিত নাই এমন সকল বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৪) আগ্রহী দরদাতা প্রতিষ্ঠান দরপত্র বিজ্ঞপ্তিটি ঝিনাইদহ পবিসের ওয়েব সাইটে pbs.jhenaidah.gov.bd দেখতে পারবেন।

( প্রকৌঃ মোঃ ইমদাদুল ইসলাম )
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় অবগতি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

০১) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২) জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০৩) পুলিশ সুপার, ঝিনাইদহ।
০৪) সিনিয়র সিস্টেম এনালিষ্ট,আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা **(বিজ্ঞপ্তিটি বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।**
০৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপবিবো, যশোর জোন, যশোর।
০৬) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----------পবিস-১/২/৩/৪।
০৭) মেয়র, পৌরসভা কার্যালয়, ঝিনাইদহ।
০৮) নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, ঝিনাইদহ।
০৯) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ সড়ক ও জনপদ/গণপূর্ত, ঝিনাইদহ।
১০) উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ।
১১) ডিজিএম, মহেশপুর/শৈলকুপা/ কালীগঞ্জ/ হরিণাকুন্ডু/ সদর-কারিগরী, ঝিনাইদহ পবিস।
১২) এজিএম (ওএন্ডএম), কোটচাঁদপুর/ হাটফাজিলপুর/ বারোবাজার সাব-জোনাল অফিস, ঝিনাইদহ পবিস।
১৩) এজিএম (অর্থ/এইচআর/এমএস/ওএন্ডএম/ইএন্ডসি, ঝিনাইদহ পবিস।
১৪) এজিএম (আইটি), ঝিনাইদহ পবিস- **(বিজ্ঞপ্তিটি সমিতির ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।**
১৫) মেসার্স------------------------------------।
১৬) নোটিশ বোর্ড, ঝিনাইদহ পবিস।
১৭) দাপ্তরিক নথি।

( প্রকৌঃ মোঃ ইমদাদুল ইসলাম )
জেনারেল ম্যানেজার